

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট  
১৪/২, তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা-১০০০।

স্মারক নং-স্বাপকম/হেলথ-ইকন/HI-Pilot/৫৫৮/২০১১/অংশ-১/২০১২/ ৩৬৪


তারিখ : ২০/০৭/২০১৬খ্রি:

বিষয় : মানসম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিত করণে গঠিত Quality Improvement Committee (QIC) এর কার্যক্রম পরিচালনায় সহায়তা  
বিষয়ক।

সার্বজনীন স্বাস্থ্য সেবা অর্জনের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সকল সরকারী এবং বেসরকারী স্বাস্থ্য সেবা কেন্দ্রে মানসম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিত করণে বদ্ধ পরিকর। এ লক্ষ্যকে সামনে রেখে মন্ত্রণালয় একটি "National Strategic Planning on Quality of Care for Health Service Delivery Bangladesh" চূড়ান্ত করেছে, যা বাস্তবায়নের জন্য Quality Improvement Secretariat (QIS) গঠন করা হয়েছে। QIS এর কার্যক্রম পরিচালনার অংশ হিসাবে প্রতি বিভাগ, জেলা এবং উপজেলায় দুইটি করে Quality Improvement Committee (QIC) গঠন করে কার্যক্রম পরিচালনা করা হবে। (কমিটির বিস্তারিত দেখার জন্য visit করুন [www.qis.gov.bd](http://www.qis.gov.bd)) উল্লেখিত কমিটিসমূহ নির্দিষ্ট কার্যপরিধি অনুযায়ী মানসম্মত স্বাস্থ্য সেবা কার্যক্রম নির্দিষ্ট প্রতিষ্ঠানে পরিচালনা করবে। কমিটি সমূহের এই কার্যক্রম পরিচালনায় সহায়তায় অংশ হিসাবে QIS বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠান, দাতা সংস্থা সমূহের সঙ্গে একটি যৌথ কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। কর্মপরিকল্পনা সহায়তার অংশ হিসাবে আপনার বিভাগ/ জেলায়/উপজেলায় নির্ধারিত কোয়ালিটি ইমপ্রুভমেন্ট কমিটিকে (QIC) তালিকায় বর্ণিত প্রতিষ্ঠান সমূহের নির্দিষ্ট প্রতিনিধিগণ (Facilitator) উক্ত কমিটির কার্যক্রম পরিচালনায় সুনির্দিষ্ট কার্যপরিধি অনুযায়ী সহায়তা প্রদান করবেন। উল্লেখিত Facilitator গণের সহায়তা প্রদান কার্যক্রম কার্যকরী করার লক্ষ্যে নির্দিষ্ট প্রতিষ্ঠানের (বেসরকারী প্রতিষ্ঠান/ দাতা সংস্থা) প্রতিনিধিগণকে (সংযুক্ত তালিকা অনুযায়ী) QIC এর Co-opt সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করাসহ কার্যক্রম পরিচালনায় সহায়তার সুযোগ প্রদানের জন্য অনুরোধ করা হলো। বিস্তারিত যৌথ কর্মপরিকল্পনা জানার জন্য [www.qis.gov.bd](http://www.qis.gov.bd) গুয়েব সাইটে ভিজিট করা যেতে পারে।

নির্দিষ্ট প্রতিষ্ঠানে কোয়ালিটি ইমপ্রুভমেন্ট কমিটি গঠন/ পূর্ণগঠন (Co-opt সহ) করে কমিটির সভার কার্যবিবরণী অতি দ্রুত নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ জানান হলো।

সংযুক্ত : কর্মপরিকল্পনার অংশ।

  
(মো: আসিদুল ইসলাম)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন : ৯৫৮৬৮২২

বিতরণ :

- ১। পরিচালক, -----।
- ২। উপ-পরিচালক/ সহকারী পরিচালক/ তত্ত্বাবধায়ক, -----।
- ৩। সিভিল সার্জন, -----।
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, -----।

অনুলিপি :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা।
- ৩। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক (প্রথমিক স্বাস্থ্য পরিচর্যা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। পরিচালক (স্বাস্থ্য), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, -----।
- ৭। সিভিল সার্জন, -----।
- ৮। ফোঁকাল পারসন, কোয়ালিটি ইমপ্রুভমেন্ট সেক্রেটারিয়েট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাপকম।
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, -----।
- ১০। সংশ্লিষ্ট কর্মকর্তা, -----।  
ইউনিসেফ/ ইউএনএফপিএ/ বিশ্বস্বাস্থ্য সংস্থা/ সেভ দি চিলড্রেন/ এনজেন্ডার হেলথ/ মেরিটোপস/ ব্রাক/ বাডাস।
- ১১। অফিস নথি।

Letter 2013